সমকাল

07 NOV 2025

# কানাডায় রপ্তানি বাড়াতে সহায়তা দেবে বিবিসিসি

## বিজিএমইএর সঙ্গে এমওইউ

সমকাল প্রতিবেদক

বাংলাদেশের তৈরি পোশাকের প্রচলিত বাজার কানাডা। ২০০৩ সালের জানুয়ারি থেকে কানাডায় পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা ভোগ করছে বাংলাদেশ। এই দুই সুবিধা সত্ত্বেও দেশটিতে রপ্তানি সম্ভাবনার তুলনায় অনেক কম। রপ্তানির পরিমাণ আরও বাড়ানোর সুযোগ রয়েছে। রপ্তানি বাড়ানোর লক্ষ্যে বাংলাদেশে বিজনেস চেম্বার অব কানাডার (বিবিসিসি) মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) সই করেছে তৈরি পোশাক রপ্তানিকারক উদ্যোক্তাদের সংগঠন বিজিএমইএ।

চুক্তির আওতায় সরাসরি রপ্তানি বাড়ানো ছাড়াও বাংলাদেশে কানাডার বিনিয়োগ আনার ক্ষেত্রে সহায়তা দেবে বিবিসিসি। পোশাক, টেক্সটাইল ও সংশ্লিষ্ট খাতে কানাডা ও বাংলাদেশের মধ্যে বিনিয়োগের সুযোগ তৈরি করা এবং সদস্যদের মধ্যে একক ও যৌথ অংশীদারিত্ব উদ্যোগে সহায়তা দেওয়া হবে। এ ছাড়া কানাডা ও বাংলাদেশ যৌথভাবে বাণিজ্য মেলা, প্রদর্শনীর আয়োজন করা ও ব্যবসায়িক প্রতিনিধি দলের সঙ্গে যোগাযোগে সহায়তা দেওয়া হবে। কানাডা ও উত্তর আমেরিকার অন্যান্য দেশে বাংলাদেশের পোশাক ও টেক্সটাইল পণ্যের প্রচারণায় সহায়তা করবে বিবিসিসি।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর উত্তরায় বিজিএমইএ ভবনে এক অনুষ্ঠানে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান এবং বিবিসিসির সভাপতি আলমগীর এম রহমান। এ সময় উপস্থিত ছিলেন বিজিএমইএর প্রথম সহসভাপতি সেলিম রহমান, সিনিয়র সহসভাপতি ইনামুল হক খান, সহসভাপতি মো. রেজোয়ান সেলিম, মিজানুর রহমান, পরিচালক ফয়সাল সামাদ, নাফিস-উ-দৌলা প্রমুখ।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য-উপাত্ত বলছে, বড় সম্ভাবনা সত্ত্বেও তৈরি পোশাকের মোট রপ্তানি আয়ের মাত্র সাড়ে ৩ শতাংশ আসে উত্তর আমেরিকার দেশটি থেকে। বছরে রপ্তানির পরিমাণ ১৫০ কোটি ডলারের মতো। চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে ৩৪ কোটি ডলারের পোশাক গেছে দেশটিতে। তবে বড় বাজার এবং শুল্কমুক্ত সুবিধা বিবেচনায় এটি যথেষ্ট নয়। কানাডার মোট পোশাক আমদানির ১৪ শতাংশের কম বাংলাদেশের অংশ।

অনুষ্ঠানে বিজিএমইএ সভাপতি বলেন, বিবিসিসির সঙ্গে এই সমঝোতা স্মারক কানাডাসহ উত্তর আমেরিকার বাজারে পোশাক রপ্তানির সম্ভাবনাকে কাজে লাগাতে সহায়ক হবে।

প্রসঙ্গত, উন্নয়নশীল দেশ হওয়ার পরও এলডিসি থেকে উত্তরণ হওয়া অন্যান্য দেশের মতো বাংলাদেশকে আরও ১০ বছরের জন্য শুল্কমুক্ত সুবিধা দেবে কানাডা। এ সংক্রান্ত অনুমোদন করেছে দেশটির হাউস অব কমন্স। বাংলাদেশসহ এলডিসিভুক্ত দেশের সংখ্যা এখন ৪৯। এ স্কিমের বর্তমান মেয়াদ শেষ হয় গত বছরের ৩১ ডিসেম্বর। তার আগেই নতুন মেয়াদ অনুমোদন হয়েছে।

The Daily Star

07 NOV 2025

# Bepza EZ in Ctg welcomes $111m in investments

STAR BUSINESS DESK

Four companies have signed land lease agreements with the Bangladesh Export Processing Zones Authority (Bepza) to invest a total of $111.26 million in the Bepza Economic Zone at Mirsharai in Chattogram.

The firms are Tai Ma Shoes (BD) Co Ltd, Bangladesh Songshin Leather Co Ltd, Annray Holding (BD) Co Ltd and Wraptox Industries Ltd. The first three are fully foreign owned, while Wraptox Industries Ltd is a Bangladeshi company, Bepza said in a press release yesterday.

The new ventures will produce footwear, process leather, provide testing services and manufacture garment accessories.

Tai Ma Shoes (BD) Co Ltd, a Chinese company, is making the largest investment at $55.05 million. It will build a footwear factory capable of producing seven million pairs a year. The investment will create 5,900 jobs.

Based in Singapore, Bangladesh Songshin Leather Co Ltd will invest $25.03 million to set up a leather processing plant with an annual capacity of 36 million square feet of finished leather. It will employ 480 workers.

Annray Holding (BD) Co Ltd, a China Singapore joint venture, will invest $20.03 million to establish a testing laboratory for product and raw material testing for industries across the country, specially within the economic zone. It will employ 770 people.

Wraptox Industries Ltd, the only Bangladeshi company among the four, will invest $11.15 million to produce garment accessories including labels, tags, tapes and packaging materials. The factory will have an annual production target of 20,000 tonnes and create jobs for 457 people.

Md Ashraful Kabir, member for investment promotion at Bepza, signed the agreements with Liao Weijun, chairman of Tai Ma Shoes (BD), Zhang Guangxin, general manager of Bangladesh Songshin Leather, Hu Xinlin, general manager of Annray Holding and Md Morshed Khan, managing director of Wraptox Industries at the Bepza Complex in Dhaka yesterday.

Maj Gen Mohammad Moazzem Hossain, executive chairman of Bepza, attended the ceremony as the chief guest.

He said Bepza is modernising its service delivery to improve investor satisfaction and urged the companies to begin construction and start exports promptly.

He also encouraged them to bring in more investors, especially in the electronics sector.

Kabir invited Chinese investors to explore opportunities in Bepza economic zones under development in Jashore and Patuakhali, which are being developed as next-generation industrial hubs.

Jc, chairman of Song Shin Group Pte Ltd, expressed satisfaction with Bepza services and business environment, saying, "I think Bepza EZ is our good choice. We look forward to growing together."